# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৫০

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ ত্যাগ ও সহমর্মিতা প্রসঙ্গে

## আরবী

وَعَن سَهل بنِ سَعدٍ أنَّ أمْرأةً جاءَتْ إِلَى رَسُوْلِ اللهِ ﷺ بِبُرْدَةٍ مَنْسُوجَةٍ فَقَالَتْ : نَسجْتُهَا بِيَدَيَّ لأَكْسُوكَهَا فَأَخذَهَا النَّبيُّ ﷺ مُحْتَاجاً إلَيْهَا فَخرَجَ إلَيْنَا وَإنَّهَا إزَارُهُ فَقَال فُلانٌ : اكْسُنِيهَا مَا أحْسَنَهَا فَقَالَ نَعَمْ فَجَلَسَ النَّبيُّ ﷺ في المَجْلِسِ ثُمَّ رَجعَ فَطَوَاهَا ثُمَّ أرْسَلَ بِهَا إِلَيْهِ : فَقَالَ لَهُ الْقَومُ : مَا أَحْسَنْتَ لَبِسهَا النَّبيُّ ﷺ مُحتَاجاً إلَيْهَا ثُمَّ سَأَلْتَهُ وَعَلِمْتَ أنَّهُ لاَ يَرُدُّ سَائِلاً فَقَالَ : إنّي وَاللهِ مَا سَأَلْتُهُ لأَلْبِسَهَا إنَّمَا سَأَلْتُهُ لِتَكُونَ كَفَنِي قَالَ سَهْلٌ : فَكَانَتْ كَفَنَهُ رواه البخاري

## বাংলা

(২৫০) সাহল ইবনে সা’দ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, এক মহিলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট একটি (হাতে) বুনা চাদর নিয়ে এল। সে বলল, ’আপনার পরিধানের জন্য চাদরটি আমি নিজ হাতে বুনেছি।’ আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা গ্রহণ করলেন এবং তাঁর চাদরের প্রয়োজনও ছিল। তারপর তিনি লুঙ্গীরূপে পরিধান করে আমাদের সামনে আসলেন। তখন অমুক ব্যক্তি বলল, এটি আমাকে পরার জন্য দান করে দিন। এটি কত সুন্দর! তিনি বললেন, হ্যাঁ, (তাই দেব।)

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মজলিসে (কিছুক্ষণ) বসলেন। অতঃপর ফিরে গিয়ে তা ভাঁজ করে ঐ লোকটির কাছে পাঠিয়ে দিলেন। লোকেরা বলল, ’তুমি কাজটা ভাল করলে না। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তা তাঁর প্রয়োজনে পরেছিলেন, তবুও তুমি চেয়ে বসলে। অথচ তুমি জান যে, তিনি কারো চাওয়া রদ করেন না। ঐ ব্যক্তি বলল, ’আল্লাহর কসম! আমি তা পরার উদ্দেশ্যে চাইনি, আমার চাওয়ার একমাত্র উদ্দেশ্য যে, তা আমার কাফন হবে। সাহল বলেন, শেষ পর্যন্ত তা তাঁর কাফনই হয়েছিল।

## ফুটনোট

(বুখারী ১২৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63495

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন